14 এসাইলাম / শরণার্থী বিষয়ক সাক্ষাৎকার

এসাইলাম / শরণার্থী বিষয়ক সাক্ষাৎকার কি ? [১]

এই সাক্ষাৎকারের উদ্দেশ্য হ'ল এই যে , সাক্ষাৎকারের মাধ্যমে বোঝার চেষ্টা করা হয় যে আপনি কেন নিজের দেশে ফিরে যেতে ভয় পান অথবা নিজের দেশে ফিরে যেতে চান না । আপনার নিজের বিষয়ে সমস্ত ঘটনা বলার জন্য এটি আপনার সেরা সুযোগ। আপনার আবেদনের জন্য ৩ টি সাক্ষাৎকারের প্রয়োজন :

১. একটি মৌলিক প্রশ্নপত্র পূরণ করার জন্য;
২. সম্ভাব্য ডাবলিন মামলার জন্য একটি; [২]
৩. আশ্রয়ের আবেদন করার জন্য সাক্ষাৎকার । এই ফ্যাক্ট শিটটিতে এই তৃতীয় সাক্ষাৎকার সম্পর্কে আলোচনা করা হয়েছে।

এই সাক্ষাৎকারের সময়, **শরণার্থী কমিশনার (রেফকম)** এর অফিসের একজন কেস কর্মী আপনাকে জিজ্ঞাসা করবে যে আপনি কেন আপনার জন্মের দেশটি ছেড়ে এসেছেন এবং কেন আপনি অনুভব করছেন যে আপনি সেখানে ফিরে যেতে পারবেন না। সাক্ষাৎকারের সময় আপনি যা কিছু বলেন বা করেন তা **সম্পূর্ণ গোপনীয়** থাকে ; আপনার সম্মতি ব্যতীত আপনার সাথে এখানে মাল্টায় কোনও বন্ধু বা পরিবারের সদস্য সহ কাউকে কোনো কিছুই বলা হবে না। এটি খুবই গুরুত্বপূর্ণ যাতে আপনি প্রশ্নগুলি বুঝতে পারেন এবং রেফকম আপনার উত্তরগুলি বুঝতে পারে। আপনার যদি কোনও দোভাষীর / আপনার নিজের ভাষায় কথা বলা ও বোঝার সুবিধার জন্য কোনো ব্যক্তির প্রয়োজন হয় তবে রেফকম তাদের উপস্থিত থাকার ব্যবস্থা করবে। আপনার দোভাষীকেও আপনার সম্পর্কে সমস্ত কিছু গোপনীয় রাখতে হবে। যদি আপনি তার সাথে স্বাচ্ছন্দ্য বোধ করেন না, উদাহরণস্বরূপ যদি আপনি কোনও পুরুষ বা মহিলাকে পছন্দ করেন বা না করেন তবে আপনি রেফকমকে আপনার অনুবাদক / দোভাষী পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারেন।

আমি যদি আমার সাক্ষাত্কারে যোগ দিতে না পারি ?

আপনি অসুস্থ থাকায় বা অন্য কোনও কারণে সাক্ষাৎকারে অংশ নিতে না পারেন বা সাক্ষাৎকারের দিন উপস্থিত হতে না পারেন তবে আপনার সাক্ষাৎকারের জন্য ধার্য্য দিনের আগেই নতুন তারিখ এবং সময় নির্ধারণের জন্য যত তাড়াতাড়ি সম্ভব শরণার্থী কমিশনারকে অবহিত করুন। আপনার সাক্ষাৎকারে অংশ নেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং শুধুমাত্র খুব গুরুতর কারণ ছাড়া এটিতে যোগ না দিলে বা উপস্থিত না থাকলে আপনার আচরণটি সাক্ষাৎকার স্থগিত করার অজুহাত হিসাবে ব্যবহৃত হতে পারে।
এছাড়াও, মনে রাখবেন যে রেফকম একদিনে বেশ কয়েকজন ব্যক্তির সাক্ষাৎকার নেয়, তাই আপনার জন্য তারিখ পরিবর্তন করতে বললে আপনাকে হয়তো আরও বেশি সময়ের জন্য অপেক্ষা করতে হতে পারে।

....

১. আরও বিশদে জানার জন্য ফ্যাক্ট শিট নম্বর ১৭ -টি দেখুন - ছবিতে বর্ণিত এসাইলাম পদ্ধতি
২. আরও বিশদে জানার জন্য ফ্যাক্ট শিট নম্বর ২০ -টি দেখুন - ডাবলিন পদ্ধতি

UNHCR
The UN Refugee Agency

Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows

আপনার যদি কোনো সহায়তার দরকার হয় তবে একটি **সাহায্যকারী / সমর্থনকারী সংস্থা** [৩] এর সাথে যোগাযোগ করুন।

আমার এসাইলাম / শরণার্থী বিষয়ক সাক্ষাৎকারের জন্য আমি কীভাবে প্রস্তুতি নিতে পারি ?

আপনার সাক্ষাৎকার রেফিউজি কমিশন (**রেফকম**) -এর অফিসে অনুষ্ঠিত হবে:
৩৫/৩৭/৩৭, রু দ্য' আরজান, এমসিদা
সঠিক সময়ে উপস্থিত হতে হবে ! আপনার সাক্ষাৎকারের দিনে আপনার নির্ধারিত সময়ের কমপক্ষে ৩০ মিনিটের আগে পৌঁছানো উচিত। এটি আপনাকে আরও স্বাচ্ছন্দ্য এবং আরামদায়ক হতে সহায়তা করবে।
আপনার কাছে যদি আপনার কাছে কোনও নথি বা কাগজ থাকে বা না থাকে তবে আপনার দুশ্চিন্তা করা উচিত নয়, সেইসময়ে আপনার কাছে কাগজপত্র আছে কিনা তার উপর আপনার মামলার সিদ্ধান্ত নেওয়া হবে না। আপনার কাছে যদি ডকুমেন্ট/ নথি/কাগজ থাকে তবে সেগুলি সাক্ষাৎকারের সময় নিয়ে যান। যদি কেউ আপনাকে নিরাপদে দলিলগুলি পরবর্তী কালে প্রেরণ করতে পারে তবে এ ব্যাপারে রেফকম এবং কোনো একটি সমর্থনকারী/ সাহায্যকারী সংস্থাকে বলুন যাতে সেগুলি পেতে আপনাকে তারা সহায়তা করতে পারে।
আপনার যদি সময় থাকে তবে সাক্ষাৎকারের আগের দিনগুলিতে আপনার বক্তব্যের সাথে প্রাসঙ্গিক স্থান, তারিখ, মানুষ এবং ঘটনাগুলির মতো গুরুত্বপূর্ণ তথ্যগুলি পুনরায় স্মরণ করার চেষ্টা করুন। এটি ওই দিনে আপনাকে ঘটনা গুলি লিখতে বা আঁকতে বা মনে করতে সহায়তা করতে পারে।
সচেতন থাকুন যে, সাক্ষাৎকারের সময় আপনার অস্বস্তিকর অভিজ্ঞ বা কষ্টদায়ক মুহূর্তগুলির বিষয়ে কথা বলার দরকার হতে পারে। উদাহরণস্বরূপ, আপনি বা আপনার পরিবারের কেউ গ্রেপ্তার, কারাবরণ, মারধর, নির্যাতন বা ধর্ষণ এর শিকার হয়েছিলেন ? আপনার ঘনিষ্ঠ কাউকে হত্যা করা হয়েছিল? আপনি কি এমন কিছু করেছিলেন যা আপনার পরিবার বা স্থানীয় সম্প্রদায়কে ক্ষুব্ধ করেছে বা বিরক্ত করেছে? আপনার বিশ্বাস বা ক্রিয়াকলাপের কারণে আপনি কি নিজের সম্প্রদায় থেকে বঞ্চিত বোধ করেন? যদি এই অভিজ্ঞতাগুলির বিষয়ে চিন্তাভাবনা করা বা কথা বলা খুব কঠিন বা কষ্টকর মনে হয় তবে একটি সমর্থনকারী / সাহায্যকারী সংস্থার সাথে যোগাযোগ করুন।
আপনার সাক্ষাৎকারের সময় কী সম্পর্কে কী কথা বলা গুরুত্বপূর্ণ তা আগে থেকে বলা মুশকিল। মনে রাখবেন যে রেফকমকে আপনার নিজের দেশে ফিরে যাওয়াতে ভয় কেন বা বিপদ কেন , তা বোঝানোর দরকার রয়েছে, সুতরাং যে কোনও কিছু ঘটনা যা এটি ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় তার উল্লেখ করা দরকারী। আপনি যদি কোনো ঘটনার কার্যকারিতা সম্পর্কে নিশ্চিত না হন তবে পরামর্শের জন্য সহায়ক সংস্থার সাথে যোগাযোগ করুন।
আপনার কী বলা উচিত বা করা উচিত নয় সে সম্পর্কে আপনি অন্যান্য শরণার্থীদের কাছ থেকে তাদের ঘটনা শুনে থাকতে পারেন। সাবধান থাকুন, যেহেতু আপনার গল্পটি আপনার নিজস্ব। সাক্ষাৎকার নিতে বসা রেফকমের কর্মীটি আপনার দেশের পরিস্থিতির সাথে বিশেষভাবে পরিচিত এবং আপনি যদি তাকে কোনও অসত্য গল্প/ ঘটনা বলে থাকেন তবে তিনি সম্ভবত উপলব্ধি করতে পারবেন। আপনার কথার ওপর নির্ভর করবে তার বিশ্বাস করা বা না করা ।

………………………………………………………………………………………

৩. আরও বিশদে জানার জন্য ফ্যাক্ট শিট নম্বর ২১ -টি দেখুন - সাহায্যকারী / সমর্থনকারী সংস্থা

UNHCR The UN Refugee Agency
Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows

গুরুত্বপূর্ণ: আপনি যদি আপিলের প্রক্রিয়া চলাকালীন নিজের ঠিকানা পরিবর্তন করেন, তবে রেফকমকে তা জানাতে ভুলবেন না। আপনাকে আপনার আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং সিদ্ধান্তগুলি প্রেরণের জন্য আপনার ঠিকানা জানা প্রয়োজন ।

আমাকে সহায়তা করার জন্য আমি কি একজন আইনজীবীর সাহায্য লাভ করতে পারি?

সাক্ষাৎকারের আগে আপনি কোনও উকিল বা সহায়ক সংস্থার সাথে আপনার গল্পের যে কোনও দিক নিয়ে কথা বলতে পারেন। তদুপরি, আপনি আপনার সাক্ষাৎকারের সময় আপনার সাথে একজন আইনজীবী নিতে পারেন, তবে কোনও আইনজীবী বিনামূল্যে সরবরাহ করা হবে না। আপনাকে একজনকে ভাড়া দেওয়ার এবং অর্থ প্রদানের প্রয়োজন হবে অথবা আপনি একটি সমর্থনকারী সংস্থার সাথে যোগাযোগ করতে পারেন যা নিখরচায় আইনী নির্দেশিকা সরবরাহ করে।
আপনি যদি ১৮ বছরের কম বয়সী হন তবে আপনার সাক্ষাৎকারের সময় আপনার আইনী অভিভাবক উপস্থিত থাকতে পারেন।

সাক্ষাৎকার চলাকালীন কী ঘটতে পারে ?

একজন রেফকমের কেস ওয়ার্কার থাকবে, আপনি থাকবেন এবং - যদি প্রয়োজন হয় - একজন দোভাষী থাকবে। সাক্ষাৎকারটি সম্পূর্ণভাবে রেকর্ড করা হবে এবং কেস কর্মী একটি কম্পিউটারে সম্পূর্ণ সাক্ষাৎকারটি নোট করে নেবে। কেসকর্মী আপনাকে মাল্টায় আসার আগে আপনার জীবন সম্পর্কে বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করবেন: আপনার পরিবার, বাসস্থান / শহর / গ্রাম যেখানে আপনি বড় হয়েছেন, জীবনের কঠিন পরিস্থিতি , শিক্ষা, কাজ ইত্যাদি সমস্ত প্রশ্ন এবং উত্তর কম্পিউটারে কেস ওয়ার্কার দ্বারা টাইপ করা হবে , এবং পরবর্তীকালে আপনি যখন আপনার সিদ্ধান্ত গ্রহণ করবেন তখন আপনাকে এই দস্তাবেজের একটি অনুলিপি দেওয়া হবে।
আপনার নিজের ঘটনা বলার উপর নির্ভর করে সাক্ষাৎকারগুলি কয়েক ঘন্টা অবধি চলতে পারে। আপনার যদি সাক্ষাৎকার চলাকালীন কিছু সময় বিরতি বা পানি / জল খাবার প্রয়োজন হয় তবে রেফকমের কেস ওয়ার্কারকে জানান। সাক্ষাৎকারের দৈর্ঘ্য, তার ফলাফলকে প্রভাবিত করবে না। যদি কোনও মুহূর্তে আপনি দোভাষীর কারণে অস্বস্তি বোধ করেন (উদাহরণস্বরূপ তিনি হয়তো সঠিকভাবে অনুবাদ করছেন না, অথবা তিনি আপনাকে উত্তরগুলির জন্য পরামর্শ দিচ্ছেন, অথবা আপনি একজন পুরুষ / মহিলা দোভাষীর সাহায্য নিতে স্বচ্ছন্দ বোধ করবেন) তাহলে কেস ওয়ার্কারকে নির্দ্বিধায় বলুন।

সাক্ষাৎকারের সময় আমাকে জিজ্ঞাসা করা হবে?

রেফকমের নিজেদের বোঝবার জন্য আপনার ব্যক্তিগত পটভূমি সম্পর্কে বিভিন্ন প্রশ্ন থাকবে, আপনি কোথা থেকে এসেছেন, আপনার সমস্যা তা বোঝার জন্য এই প্রশ্নগুলি । তারপরে আপনি কেন মাল্টার সুরক্ষা চেয়েছেন এবং কেন আপনার জন্মের দেশে ফিরে যেতে ভয় পাচ্ছেন সে সম্পর্কে আপনাকে প্রশ্ন করা হবে।

Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows

সাক্ষাৎকার চলাকালীন আমি কীভাবে নিজেকে ব্যবহার করব?

এটি কোনও পরীক্ষা নয়, তবে আপনার ঘটনাটি বোঝার জন্য একটি সাক্ষাৎকার । ভীত বা আতঙ্কিত বোধ করবেন না, এটি আপনার আবেদনটি ব্যাখ্যা করার সুযোগ! আমরা আপনাকে কিছু পরামর্শ দেবো :

- সর্বদা সত্য বলুন। মিথ্যা বলার ফলে কেস কর্মী আপনার কাহিনীটি ভুল ব্যাখ্যা করবে এবং এটি আপনার গল্পটিকে বেমানান বা অসম্ভব বা অবিশ্বাসযোগ্য করে তুলতে পারে।
- আপনার কথার মধ্যে সামঞ্জস্য রাখার চেষ্টা করুন এবং আপনার গল্পের একই বয়ান রাখার চেষ্টা করুন। আপনি যদি কিছু ঘটনার পরিবর্তন করেন বা নতুন কোনো ঘটনা মনে করেন বা উল্লেখ করেন তবে আপনি আগে কেন ভিন্ন তথ্য সরবরাহ করেছিলেন তা ব্যাখ্যা করে কেস ওয়ার্কারকে বুঝিয়ে বলবেন তবে এটি তার ঘটনাগুলি বুঝতে সহায়তা করবে।
- যদি আপনি কোনও প্রশ্নের উত্তর দিতে না পারেন, উদাহরণস্বরূপ কোনো ঘটনা আপনি মনে করতে পারছেন না বা আপনি হয়তো কেবল উত্তরটি জানেন না, এই ক্ষেত্রে সৎ হন এবং যা সত্য তাই বলুন। "আমি জানি না" বা "আমি মনে করতে পারি না" এইটা বলা ঠিক আছে।
- এটি আপনার সাক্ষাৎকার, তাই আপনার চিন্তাভাবনা এবং প্রশ্নের উত্তর দেওয়ার জন্য নিজেকে সময় দিন। আপনি যদি প্রশ্নটি না বুঝতে পারেন তবে নির্দ্বিধায় কেস কর্মীকে প্রশ্নের পুনরাবৃত্তি করতে বলুন বা আপনাকে পুনরায় বুঝিয়ে বলতে বলুন ।
- যুক্তিসঙ্গত কারণ ছাড়া আপনার ব্যক্তিগত জীবন সম্পর্কে অন্তরঙ্গ প্রশ্নগুলি করার অনুমতি নেই এবং আপনি সেগুলির উত্তর না দিতে পারেন!

আমার পরিবারের সদস্যরা যারা আমার সাথে মাল্টায় আছে তাদের নিরাপত্তার আবেদনের বিষয়ে কি হবে ?

আপনার সাক্ষাৎকার একক ভাবে নেওয়া হবে। আপনার পরিবারের সদস্যরা ১৮ বছরের বেশি বয়সী হলে তাদের নিজস্ব সাক্ষাৎকার হবে। মনে রাখবেন যে আপনার থেকে সাক্ষাৎকারটি সম্পূর্ণ গোপনীয় এবং তা আপনার পরিবারের কাছ থেকেও গোপন রাখা হবে । কখনও কখনও শরণার্থীরা মনে করেন যে তাদের নিজস্ব গল্পটি তাদের স্বামী, স্ত্রী বা বাবা-মা'র থেকে গুরুত্বপূর্ণ হতে পারে না। আপনার সাক্ষাৎকারটি আপনার নিজের সম্পর্কে !

নোট করুন যে আপনার সাক্ষাৎকারের সময় আপনার শিশুর প্রতি কোনও শিশু-যত্ন সরবরাহ ব্যবস্থা করা যাবে না। আপনি যদি আপনার বাচ্চাদের সামনে পুরো ঘটনাটি ব্যাখ্যা করতে স্বাচ্ছন্দ্য বোধ করেন না, তবে এমন কাউকে খুঁজে সাথে নিয়ে আসবেন যে সাক্ষাৎকারের সময় আপনার শিশুর যত্ন নিতে পারবে এবং আপনার এতে উপকার হবে।

কখন এবং কিভাবে আমি আমার সম্পর্কিত সিদ্ধান্তটি জানতে পারবো ?

আপনার আশ্রয়ের সাক্ষাৎকারের একই দিনে আপনি কোনও সিদ্ধান্ত পাবেন না। রেফকমের সিদ্ধান্ত জানাতে কয়েক মাস সময় লাগতে পারে, সাধারণত ৬ থেকে ৮ মাসের মধ্যে হলেও রেফকমের মাধ্যমে প্রাপ্ত আবেদনগুলির সংখ্যার উপর এটি নির্ভর করে তবে কখনো রেফকম আরও বেশি সময় নিতে পারে।

আরও তথ্য প্রয়োজন? যোগাযোগ করুন – অ্যাডিটাস +৩৫৬২০১০৬২৯৫ |
www.aditus.org.mt | info@aditus.org.mt

Asylum, Migration and Integration Fund
Project is part-financed by the European Union
Co-financing rate: 75% EU Funds; 25% Beneficiary Funds
Sustainable Management of Migration Flows